

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ অক্টোবর ২০২২ খ্রি.

চসিকের সাতদিন ব্যাপী সবুজ মেলার সমাপনী অনুষ্ঠানে মেয়র

প্রাচ্যের রানী চট্টগ্রামের সেই

হত গৌরব ফিরিয়ে আনা হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, মানুষের পাঁচটি মৌলিক অধিকার অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান এই অধিকার রক্ষা করতে গেলে সেখানে বৃক্ষের ভূমিকা অপরিহার্য। বৃক্ষ ভূ-মন্ডলকে উষ্ণতা থেকে রক্ষা করে বন্যা, খরা, প্রাকৃতিক দুর্যোগ, ভূমিক্ষয় ইত্যাদি প্রতিরোধ করে। তাই বাসযোগ্য পৃথিবী গড়তে হলে বৃক্ষকে ভালোবাসা ও পরিচর্যা করা ছাড়া অন্য আর বিকল্প কিছু নেই। মেয়র আক্ষেপ করে বলেন, চট্টগ্রাম সাগর-পাহাড়-নদী বেষ্টিত প্রাকৃতিক সৌন্দর্যের লিলাভূমি প্রাচ্যের রানী নামে খ্যাত ছিল। নগরীতে বসবাসকারি কিছু মানুষের লোভ-লালসার কারণে পাহাড় কেটে, নদী দখল করে ও গাছ কেটে প্রাচ্যের রানীর সেই রূপ ধ্বংস করে দিয়েছে। তিনি সেই গৌরব ফিরিয়ে আনতে প্রকৃতিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করে প্রতি বছর সবুজ মেলা আয়োজন করে বেশী বেশী গাছ লাগানোর উপর গুরুত্বারোপ করেন এবং আগামী বছর জুন মাসে সবুজ মেলা আয়োজনের ঘোষণা দেন। আজ শুক্রবার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে তিলোত্তমা চট্টগ্রামের সহযোগিতায় আয়োজিত নগরীর প্যারেড ময়দানে সাত দিনব্যাপী নান্দনিক চট্টগ্রাম মেয়র এওয়ার্ড ও সবুজমেলা-২০২২'র সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- চিটাগাং ওমেন চেম্বার অব কমার্সের সিনিয়র সহসভাপতি আবিদা মোস্তফা, প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর নুর মোস্তফা টিনু, ডাবুয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রহমান, তিলোত্তমা চট্টগ্রামের কর্ণধার সাহেলা আবেদীন, ড. মাসুম চৌধুরী, স্থপতি আবদুল্লাহ আল ওমর, নার্সারী মালি সমিতির পক্ষে স্বপন কান্তি সেন প্রমুখ।

মেয়র আরো বলেন, প্যারেড মাঠটি সারা বছর অন্ধকারচ্ছন্ন থাকে এখানে সবুজ মেলার কারণে এলাকাটি আলোকময় হয়েছে। তিনি এখানে সবুজ মেলা সফল করায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। মেলায় ক্রেতা সাধারণের আগ্রহ ও বৃক্ষের চারা বেচা-বিক্রির চাহিদার কারণে মেলার কার্যক্রম একসপ্তাহ বৃদ্ধির ঘোষণা দেন।

বিশেষ অতিথির বক্তব্যে আবিদা মোস্তফা বলেন, নারী সমাজ আজ আর ঘরে বন্দি গৃহিনী নয়, আমাদের সমাজে অফিসে আদালত ও শিল্প কলকারখানায় যে অবদান রাখছে তাতে আগামীর বাংলাদেশ আরো সমৃদ্ধ হবে আশা করি।

সভাপতির বক্তব্যে মোহাম্মদ শহীদুল আলম মেলাটি কতটুকু সফল হবে সেটা আমাদের নিজেদের মাঝে সংশয় থাকলেও মেলার সার্বিক সফলতা দেখে আগামী বছর সঠিক সময়ে মেলা আয়োজন করা হবে বলে অভিমত ব্যক্ত করেন।

শেষে প্রধান অতিথি সিটি মেয়র মেলায় অংশগ্রহণকারীদের মাঝে ফ্রেস্ট ও গাছের ছারা বিতরণ করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩